অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 অর্থ বছরের নির্বাহী বাজেটে (FY 2020 EXECUTIVE BUDGET) অ্যাজমা- সংক্রান্ত রোগ কমাবার প্রস্তাব ঘোষণা করেছেন

মাল্টি-এজেন্সি 'হেলদি হোমস' সর্বাধিক অ্যাজমা আক্রান্ত অঞ্চলগুলিতে 500টি নিম্ন-আয়ের পরিবারকে পরিষেবা দেওয়ার পরিকল্পনা নিয়েছে

পরিকল্পনাটি বাড়িতে শুরু হওয়া পরিবেশগত অ্যাজমা হ্রাস করা এবং অ্যাজমা সম্পর্কিত জরুরি বিভাগে ভিজিট এবং হসপিটালাইজেশন হ্রাস করার লক্ষ্য রেখেছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 2020 অর্থ বছরের নির্বাহী বাজেটের অংশ হিসাবে হোম এনার্জি পারফরমেন্স এবং সুরক্ষা উন্নত করার মাধ্যমে বাচ্চা এবং বড়দের মধ্যে অ্যাজমা- সংক্রান্ত রোগ কমাবার ঘোষণা করেছেন। এই প্রস্তাব অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health, NYSDOH) এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি গবেষণা ও উন্নয়ন পর্ষদ (New York State Energy Research and Development Authority, NYSERDA) সমগ্র স্টেটের সর্বাধিক অ্যাজমা রোগে আক্রান্ত অঞ্চলগুলিতে বসবাসকারী প্রায় 500 Medicaid (মেডিকেড) সদস্যদের বাড়িতে নিউ ইয়র্ক স্টেট হেলদি হোমসের (New York State Healthy Homes) পরিকল্পনা বাস্তবায়িত করতে অংশীদারীত্ব করবে। পরিকল্পনাটি দীর্ঘস্থায়ীভাবে অ্যাজমা ব্যবস্থাপনাকে একীভূত করবে এবং অ্যাজমা-সংক্রান্ত রোগ হ্রাস করতে বাড়ির শক্তির দক্ষতা উন্নয়ন এবং সুরক্ষা ব্যবস্থার মাধ্যমে বাড়িতে শুরু হওয়া পরিবেশগত অ্যাজমা হ্রাস করবে। এই প্রস্তাবটি গভর্নরের যুগান্তকারী হেলথ অ্যাক্রশ অল পলিসিস (Health Across All Policies) উদ্যোগের অংশ।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর, তাদের আর্থিক অবস্থা নির্বিশেষে, অ্যাজমা কে আরও খারাপের দিকে নিয়ে যেতে পারে এমন অবস্থা মুক্ত একটি নিরাপদ এবং স্বাস্থ্যকর বাড়িতে থাকার অধিকার আছে", **গভর্নর কুওমো বলেছেন।** "দীর্ঘদিন ধরে চলতে থাকা শারীরিক সমস্যাগুলির সাথে সংযুক্ত মুখ্য বিষয় হল বাসস্থানের মান, এবং এই নতুন কর্মসূচি সমস্যাটির মুখ্য বিষয়টিতে আলোকপাত করবে এবং অ্যাজমা থাকা নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করবে।"

অ্যাজমা-সংক্রান্ত শারীরিক উপসর্গগুলি উন্নত করতে, গভর্নর কুওমো Medicaid এর ডেলিভারি সিস্টেম রিফর্ম ইনসেনটিভ পেমেন্ট প্রোগ্রাম (Medicaid's Delivery System Reform Incentive Payment Program) এর সাফল্যের উপর ভিত্তি করে গঠিত মাল্টি-এজেন্সি অ্যাজমা প্রকল্পগুলি শুরু করবেন। হেলদি হোমস মডেলটি এনার্জি দক্ষতা এবং আবাসন পরিষেবাগুলিকে বাড়িতে অ্যাজমার স্বীয়-ব্যবস্থাপনার শিক্ষা, বাড়ির পরিবেশগত মূল্যায়ন এবং তার প্রতিকার, এবং বাড়িতে আঘাত প্রতিরোধের হস্তক্ষেপের সাথে একীভূত করে।

NYSERDA এবং NYSDOH এর অংশীদারীত্বে, পরিকল্পনায় অংশগ্রহণকারীগণ তাদের অ্যাজমা নিয়ন্ত্রণ করার জন্য ঘরকে কেন্দ্র করে বিনামূল্যে ব্যপক পরিসরের পরিষেবাগুলি থেকে সুবিধা লাভ করবেন, যার মধ্যে থাকবে ওষুধ ব্যবস্থাপনা সংক্রান্ত শিক্ষা, অ্যাজমাকে প্ররোচিত করে এমন পরিষেবাগুলি শনাক্ত ও তা হ্রাস করা, কীটনাশক পরিচালনা নিয়ন্ত্রণ, এবং বিশিষ্ট ভ্যাকুয়াম, ম্যাট্রেস এবং বালিশের কভার ও অ্যাজমা প্রতিরোধকারী পরিষ্করণ সামগ্রী সমেত, সংস্থানসমূহ।

পরিবারবর্গ স্বাস্থ্য ও সুরক্ষা উন্নয়নের সাথে সাথে উন্নত এনার্জি পারফরমেন্সের সুযোগগুলি শনাক্ত করতে NYSERDA থেকে বিনামূল্যে ঘরের এনার্জি ও পরিবেশগত মূল্যায়নের পরিষেবাগুলিও পাবেন। মল্যায়নের ফলাফল অনুযায়ী, ঘরের ভিতরের ব্যবস্থা সর্বাধিক অনুকূল করার শিক্ষার সাথে সাথে বাতাস প্রবেশ করতে না দেওয়া, ইনসুলেশান, হিটিং সিস্টেম মেরামত, বায়ু চলাচল, এবং এয়ার কন্ডিশনিং এর মত ব্যবস্থাগুলি প্রয়োজন অনুযায়ী ইনস্টল করা হতে পারে।

Medicaid এর মূল্য ভিত্তিক অর্থ প্রদান সংস্কার (Medicaid's Value-Based Payment Reform) এর অংশ হিসাবে, স্বাস্থ্য বিমা কর্মসূচিসমূহের কার্যালয় (Office of Health Insurance Programs), স্বাস্থ্যের সামাজিক নির্ধারক নির্দেশ করার আবশ্যিকতা হিসাবে তাদের মূল্য-ভিত্তিক পেমেন্ট পদ্ধতিগুলির পরিকল্পনার কার্যকলাপগুলিকে স্থাপন করতে অংশগ্রহণকারী পরিচালিত পরিচর্যা সংস্থাগুলির সাথে কাজ করবে। অংশগ্রহণকারী পরিচালিত পরিচর্যা প্রদানকারী সংস্থাগুলি পরিকল্পনার মধ্যে অন্তর্ভূক্ত কার্যকলাপগুলির জন্য দীর্ঘকালীন আর্থিক সহায়তার অবদান রাখার প্রতিশ্রুতি দেয়, যা ভবিষ্যতে পরিকল্পনাটির অর্থায়ন ছাড়াও উন্নত মানের পরিচর্যা এবং সুবিধাজনক বাসস্থানের নির্মাণকে সুনিশ্চিত করবে।

Medicaid এর মূল্য-ভিত্তিক পেমেন্ট সংস্কারের সাথে অতিরিক্ত নিয়ম হিসাবে, পরিকল্পনাটির অগ্রগতি এবং স্বাস্থ্যের বিবিধ সামাজিক নির্ধারকগুলির মানের ম্যাট্রিক্সের পরিসর পরিমাপ করবে যা অ্যাজমাকে প্রভাবিত করবে এবং এনার্জি দক্ষ সংরক্ষণ এবং এড়ানো সম্ভব এমন জরুরি বিভাগে ভিজিট ও হসপিটালাইজেশনের সাথে সংযুক্ত স্বাস্থ্যসেবার ব্যয়গুলি হ্রাস করা সহ সম্ভাব্য সঞ্চয় মূল্যায়ন করবে।

দূর্বল ও নিম্ন আয়ের পরিবারবর্গ তুলনামূলকভাবে অ্যাজমাতে বেশি আক্রান্ত হয়, যা শুধুমাত্র তাদের সামগ্রিক স্বাস্থ্য এবং প্রজনন ক্ষমতাকেই প্রভাবিত করে না, সেই সাথে চিকিৎসার ব্যয়ও বৃদ্ধি করে। গবেষণা প্রমাণ করেছে যে অ্যাজমার কারণে স্কুল এবং কাজ কামাই করা, সেইসাথে এই ব্যয়গুলির একটি উল্লেখযোগ্য অংশ, ঘরে সমন্বিত চিকিৎসা এবং পরিবেশগত শারীরিক চিকিৎসার মাধ্যমে হ্রাস করা যেতে পারে।

অ্যাজমার প্রকোপ হ্রাস করা একটি গুরুত্বপূর্ণ সর্বজনীন সমস্যা এবং ব্যয়বহুল। রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention) এর দীর্ঘস্থায়ী রোগের ব্যয় গণক (Chronic Disease Cost Calculator), 2017, নিউ ইয়র্ক স্টেটে, প্রজনন ক্ষমতা হারানো সহ, অ্যাজমার জন্য মোট ব্যয় 3.5 বিলিয়ন ডলারেরও বেশি বলে অনুমান করেছে।

2017 সালে, গভর্নর কুওমো হেলথ অ্যাক্রশ অল পলিসিস (Health Across All Policies) উদ্যোগ আরম্ভ করেছেন, যা একটি সম্প্রদায়ের স্বাস্থ্যের সর্বাধিক প্রতিবন্ধকতাগুলি জটিল ও প্রায়ই অন্যান্য সামাজিক সমস্যাগুলি বৃদ্ধি করার সাথে সংযুক্ত যা স্বাস্থ্য পরিচর্যা এবং চিরাচরিত সর্বজনীন শারীরিক কার্যকলাপগুলির বাইরেও প্রসারিত, এই বিষয়টিকে মেনে নিয়ে, সম্প্রদায়ের ব্যক্তিবর্গের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করতে সমস্ত

সেক্টর জুড়ে পলিসি তৈরি করার সময় একটি সহযোগিতামূলক মনোভাব যা স্বাস্থ্যের বিষয়গুলিকে একীভূত করে।

নিউ ইয়র্ক স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেছেন, "প্রায়ই ডাক্তার বা জরুরি বিভাগে ভিজিট করা, স্কুলে বা কাজে যেতে না পারা, এবং কার্যকলাপগুলিতে অংশগ্রহণ করতে বাধা দেওয়ার মাধ্যমে অ্যাজমা পরিবারের সকল সদস্যদের জীবনযাত্রার মান খারাপ করতে পারে। প্ররোচক, ওষুধ এবং ঘরের উন্নয়নে সচেতনতার মাধ্যমে, অ্যাজমা নিয়ন্ত্রণে রাখা যেতে পারে এবং অ্যাজমা থাকা ব্যক্তিবর্গ সম্পূর্ণভাবে তাদের দৈনন্দিন কার্যকলাপে অংশগ্রহণ করতে পারেন। এই গুরুত্বপূরর্ণ সর্বজনীন স্বাস্থ্যের বিষয়ে একটি সার্বিক পদক্ষেপ নিয়ে আসার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই।"

NYSERDA এর প্রেসিডেন্ট ও সিইও, অ্যালিসিয়া বার্টন বলেছেন, "বাড়ির স্বচ্ছন্দ্য, মান, এনার্জি দক্ষতা এবং সামগ্রিক সুস্থতা উন্নয়নকারী কর্মসূচিগুলিতে সমস্ত নিউ ইয়র্কবাসীদের অ্যাক্সেস সুনিশ্চিত করে, সেইসাথে ক্ষতিকারক পদার্থের নির্গমন হ্রাস করা, গভর্নর কুওমোর জাতি-পরিচালিত পরিচ্ছন্ন শক্তি এবং আবহাওয়ার লক্ষ্যের একটি ভিত্তি-প্রস্তর। আমাদের একটি কার্বনহীন পরিবেশে রেখে এবং স্টেট জুড়ে পরিচ্ছন্ন শক্তি কর্মসূচিগুলি, যা বাতাসের মানকে উন্নত করতে সহায়তা করে এবং আরও সবুজ এবং পরিচ্ছন্ন সম্প্রদায় তৈরি করে শুধু আমাদের জন্য নয় যারা এখন এখানে আছি - পরবর্তী প্রজন্মের জন্যেও, সেই কর্মসূচিগুলির অগ্রগতির মাধ্যমে, গভর্নরের গ্রীন নিউ ডিল (Green New Deal) আবাসিক এবং ভিজিটর উভয়কে একই অগ্রাধিকার প্রদান করছে।"

অ্যাজমা সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এখানে

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন